



ASIAN UNIVERSITY OF BANGLADESH

তারিখ: ২০/০৫/২০১৯

প্রিয় মহোদয়

আসসালামু আলাইকুম

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ “এইউবি সৃজনশীল মেধা অন্তর্বেষণ প্রতিযোগিতা” নামে এইচ.এস.সি পর্যায়ে ছাত্রছাত্রীদের লেখাপড়ার মান উন্নয়নের লক্ষ্যে একটি অনলাইন ভিত্তিক ওয়েব সার্ভিস চালু করেছে। উক্ত অনলাইন সিস্টেমে ছাত্রছাত্রীরা ইন্টারনেট ব্যবহার করে তাদের বিষয়ভিত্তিক জ্ঞান এবং সাধারণ জ্ঞান যাচাই করতে পারবে। মোবাইল ফোন, ট্যাব, ল্যাপটপ এবং কম্পিউটারের মতো যে কোন ডিভাইস ব্যবহার করে এতে অংশগ্রহণ করতে পারবে।

এই প্রতিযোগিতার জন্য তাদেরকে প্রতি দিন ২৫টি করে বহুনির্বাচনী প্রশ্ন দেয়া হবে। যা অভিজ্ঞ শিক্ষক শিক্ষিকা দ্বারা প্রণয়ন করা। তারা প্রতিদিন ১টি চূড়ান্ত পরীক্ষা ও ৩টি মকটেস্ট (মডেলটেস্ট) দিতে পারবে এবং বছরে অনধিক ৯০টি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। প্রতি ১০০ দিন পর পর উক্ত অনলাইন সিস্টেমের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে তাদের মধ্যে ল্যাপটপ, ট্যাব, মোবাইল সেট, মোডেম ইত্যাদি আকর্ষণীয় মূল্যবান আইসিটি সামগ্রী পুরস্কার স্বরূপ বিতরণ করা হবে। বিস্তারিত তথ্য বা অবগতির জন্য ছাত্র ছাত্রী বা যে কেউ আমাদের হেল্প লাইন থেকে সহায়তা নিতে পারবেন।

অতএব, আপনার কলেজের এইচ.এস.সি পর্যায়ে ছাত্রছাত্রীদের এ বিষয়ে উদ্বুদ্ধকরণের মাধ্যমে প্রতিযোগিতায় অংশগ্রহণ করানোর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

web site link for Registration : www.skilltest.life (এখানে রেজিস্ট্রেশন মেনু থেকে রেজিস্ট্রেশন করা যাবে।)

Help Line Number: 01857896176, 01770888359

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত

Md. Ahsan Arif ২০/৫/১৯

মোঃ আহসান আরিফ

সহযোগী অধ্যাপক, সি.এস.ই ডিপার্টমেন্ট

ও

পরিচালক, আই.টি. বিভাগ

EMAIL: mdahsanarif@aub.edu.bd

Personal Web: <http://www.ahsanarif.com>